

## শিক্ষাবৃত্তি অনুদান (কর্মরত ১৩-২০ গ্রেড)

সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবা প্রার্থী ও অনুদানের পরিমাণ
<p>১. শিক্ষাবৃত্তির জন্য বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচার করে অনলাইনে দরখাস্ত আহবান করা হয়।</p> <p>২. অনলাইনে প্রাপ্ত শিক্ষাবৃত্তির আবেদনসমূহ প্রাথমিক যাচাই-বাচাই করা হয়।</p> <p>৩. সফটওয়্যার হতে প্রাপ্ত আবেদন সমূহের শ্রেণিভিত্তিক তালিকা বাছাই কমিটির সভায় পেশ করা হয়।</p> <p>৪. উপ-কমিটির সভায় যোগ্য ছাত্র/ছাত্রীর অনুকূলে নির্ধারিত হার অনুযায়ী শিক্ষাবৃত্তির চূড়ান্ত অর্থ মঞ্জুরী প্রদান করা হয়।</p> <p>৫. মঞ্জুরীকৃত অর্থ আবেদনকারীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে সরাসরি প্রেরণ করা হয়।</p>	<p>১. ছাত্র/ছাত্রী বিগত বছরে যে পরীক্ষায় পাস করেছে তার নম্বরপত্রের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হয়।</p> <p>২. আবেদনকারীর ছবি ও স্বাক্ষর স্ক্যান করে আপলোড করতে হয়।</p> <p>৩. ক্রমিক নং-৭ এর ক্ষেত্রে কর্মচারী অবসরপ্রাপ্ত হলে অবসরের অফিস আদেশ বা মৃত হলে মৃত্যুর সনদের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হয়।</p> <p>বিঃ দ্রঃ- প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী <a href="http://www.bkkb.gov.bd">www.bkkb.gov.bd</a> তে আবেদনের নির্দেশাবলী অনুসরণ করে আবেদন করতে হয় এবং অনলাইন আবেদন ফরম পূরণ করতে হয়।</p>	<p>সরকারের অসামরিক খাতে কর্মরত ১৩-২০ গ্রেডের সরকারি কর্মচারী (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের তালিকাভুক্ত ২০টি স্বায়ত্তশাসিত সংস্থার ১৩-২০ গ্রেডে কর্মরত কর্মচারীর অনধিক ২ (দুই) সন্তানের জন্য ৬ষ্ঠ শ্রেণি হতে তদুর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের প্রতি আর্থিক বছরে একবার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।</p> <p>অনুদানের পরিমাণ প্রতিবছর প্রধান কার্যালয়ে উপ-কমিটির সভায় নির্ধারণ হয়।</p>

- সম্পূর্ণ বিনামূল্যে সেবা দেয়া হয়।